গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.২৩.০০০১.২৪.১১৫

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৭ নভেম্বর ২০২৬

বিষয়: **'মহান বিজয় দিবস-২০২৬' উদযাপন উপলক্ষ্যে গৃহীত জাতীয় কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৬ নভেম্বর ২০২৬ তারিখের ৫৭.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০১.২৬.৯০ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস-২০২৬' উদযাপন উপলক্ষ্যে গত ২৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখ আন্ত:মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় 'মহান বিজয় দিবস ২০২৬' যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

২. এমতাবস্থায়, 'মহান বিজয় দিবস ২০২৬' যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে গৃহীত জাতীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য এ দপ্তর ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমের অনুরোধ করা।

সংযুক্তিসমূহঃ
(১) TMED-এর পত্র
(২) মুকিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র

১৭-১১-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। অধ্যক্ষ (সকল), ---------- ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, সরকারি সার্ভে ইনস্টিটিউট, সরকারি গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ সরকারি ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ----------।
৩। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৪। অধ্যক্ষ (সকল), ---------- সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, ----------।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.২৩.০০০১.২৪.১১৫/১ (৮)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৭ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সংরক্ষণ নথি, শাখা-২, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৭-১১-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০১.২৬.৯০

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৬ নভেম্বর ২০২৬

বিষয়: **'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে গৃহীত জাতীয় কর্মসূচি বাস্তবায়ন ।**

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.০৫; ০৪ নভেম্বর ২০২৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, মহান বিজয় দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব আহমেদ আযম খান, এমপি-মহোদয়ের সভাপতিত্বে গত ২৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	তারিখ/সময় ও কর্মসূচি	সিদ্ধান্ত
৬.	১৬-১২-২০২৬ তারিখে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন।	১৬-১২-২০২৬ তারিখ সকাল ০৯:০০ টায় দেশের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন।
৮.	১৬-১২-২০২৬ তারিখে বিজয় মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) এবং শিশুদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।	(ক) দেশের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে ৩ (তিন) দিনব্যাপী আড়ম্বরপূর্ণ বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) আয়োজন; (খ) জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন (সুবিধাজনক সময়ে)।

০২। মহান বিজয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে গৃহীত জাতীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য এ বিভাগের নিম্নোক্ত কর্মকর্তা-কে ফোকাল পয়েন্ট হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো:

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	মোবাইল নম্বর ও ই-মেইল
০১	জনাব আনিসুল ইসলাম যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-০৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	মোবাইল নম্বর: ০১৭১২-১৮২১৫১ ই-মেইল jsadmin3@tmed.gov.bd

০৩। এমতাবস্থায়, মহান বিজয় দিবস ২০২৬' যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে গৃহীত জাতীয় কর্মসূচি বাস্তবায়নসহ এ বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র

সংযুক্তিঃ
(১) মুকিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র

১৬-১১-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব
ফোন : ০২৫৫১০১৩৪৮
ইমেইল : sascordinet@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক [যুগ্মসচিব] ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩। পরিচালক(যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০১.২৬.৯০/১ (৪)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৬ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব (ভারপ্রাপ্ত), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় [দৃ:আ: উপসচিব (প্রশাসন-২ শাখা)]।
২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-৩, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪। অফিস কপি।

১৬-১১-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
৩৭৪৭
1 0 NOV 2026

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-২ শাখা)
www.molwa.gov.bd

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরী নং: ৭৪৩৭ তারিখ: ১৯/১১/২৬
অতি. সচিব (প্রশাসন ও অর্থ) | যুগ্মসচিব (মাদ্রাসা)
অতি. সচিব (কারিগরি) | যুগ্মসচিব (পরি. ও উন্ন. ১)
অতি. সচিব (মাদ্রাসা) | যুগ্মসচিব
অতি. সচিব (উন্নয়ন) | উপসচিব
অতি. সচিব (অডিট ও আইন) | সি.সহকারী সচিব/সহকারী সচিব
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১/২/৩)
যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-১/২)
সচিব

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০০.৭০২.২৩.০০০১.২৬. /০৫

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

বিষয়: 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষে গত ২৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১৭ পৃষ্ঠা।

০৩। বিষয়টি অতি জরুরি।

০৪/১১/২৬

(শবনম মুস্তারী রিক্তা)
উপসচিব (প্রশাসন-২)
টেলিফোন-০২২২৩৩৮৫৩১৭
ইমেইল: dsadmin2@molwa.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী/নৌ-বাহিনী প্রধান, বাংলাদেশ নৌ-বাহিনী/বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা
০৮। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৯। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১০। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
১১। জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা
১২। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
১৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
১৬। সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা
১৭। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
২১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডকেট নং: ২৮২
তারিখ: ১৯/১১/২৬
☑ উপসচিব/সি:সহ:সচিব (সমন্বয়)
☐ উপসচিব/সি:সহ:সচিব (সংসদ)
☐ সি:এনালিস্ট/প্রোগ্রামার (আইসিটি)
☐ ব্যক্তিগত কর্মকর্তা
☐ অন্যান্য
যুগ্মসচিব (প্রশাসন-৩) অধিশাখা

শাখা প্রধান (প্রশাসন-২) | মেজলাল ২০ (বিশ) ই.
প্রস্তাবনাসহ উপস্থাপন করলাম।
১১.১১.২০২৬

Anisul Islam (15013)
Joint Secretary
Technical and Madrasah Education Division
Ministry of Education
Govt. of the People's Republic of Bangladesh

২৪। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
২৫। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
২৬। সচিব পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
২৮। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
২৯। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগাঁরগাও, ঢাকা
৩৫। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৩৮। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৯। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১। সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২, নিউ ইস্কাটন রোড, ঢাকা
৪৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৫। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৬। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৮। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
৪৯। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগাঁরগাও, ঢাকা
৫০। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৪। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৬। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৯। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬০। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬১। সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা
৬২। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই), ঢাকা/বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা/আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা/কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা
৬৩। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা
৬৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/প্রধান স্থপিত, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা
৬৬। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ফুলবাড়িয়া, ঢাকা
৬৭। মহাপরিচালক, বিএনসিসি, উত্তরা, ঢাকা
৬৮। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
৬৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল, ঢাকা
৭০। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা
৭১। বিভাগীয় কমিশনার (সকল)
৭২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/বাংলাদেশ টেলিভিশন, রামপুরা/বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
৭৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৭৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা
৭৫। আহ্বায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা
৭৬। জেলা প্রশাসক (সকল)
৭৭। পুলিশ সুপার, (সকল)
৭৮। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা/ট্রাস্টি ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর, আগারগাঁও, ঢাকা/নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা
৭৯। চিফ একান্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একান্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৮০। প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, সেগুনবাগিচা, ঢাকা
৮১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৮২। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮৩। অফিসার ইনচার্জ (সকল থানা)

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। সচিব এর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)

(শর্বনম মুস্তারী রিক্তা)
উপসচিব (প্রশাসন-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী:

সভাপতি	:	আহমেদ আযম খান, এমপি মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময়	:	২৯-০৯-২০২৬, বেলা: ১১:৩০ টা।
স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬০৫)।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক'।

সভাপতি 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভার শুরুতে তিনি বলেন, ১৬ ডিসেম্বর আমাদের জাতীয় জীবনে একটি গুরুত্বপূর্ণ দিবস। বাঙালি জাতি মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দীর্ঘ নয় মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে মহান বিজয় অর্জন করেন। বাঙালি জাতির অন্যতম শ্রেষ্ঠ অর্জন আমাদের মহান মুক্তিযুদ্ধ। তিনি বলেন, বিগত বছরসমূহের ন্যায় এবছরও দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য এ সভার মাধ্যমে কর্মসূচি নির্ধারণ করা হবে। তিনি এ বিষয়ে সভায় উপস্থিত সকল প্রতিনিধির নিকট থেকে সুচিন্তিত মতামত প্রদানের আহ্বান জানান।

২.০। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সভায় মহান মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী সকল বীর শহিদ এবং বীর মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি জানান, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস 'ক' শ্রেণির জাতীয় দিবস হিসেবে রাষ্ট্রীয়ভাবে যথাযোগ্য মর্যাদায় দেশব্যাপী সকলের অংশগ্রহণে যথাযথভাবে উদযাপিত হয়ে আসছে। আগামী ১৬ ডিসেম্বর ২০২৬ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে সকলকে আন্তরিক সহযোগিতা ও সুচিন্তিত পরামর্শ প্রদানের আহ্বান জানান।

৩.০। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন-২) ২০২৬ সালের মহান বিজয় দিবসের খসড়া জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

৪.০। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে 'মহান বিজয় দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ জাতীয় কর্মসূচি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	তারিখ ও কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	১৬-১২-২০২৬ তারিখে বাণী, বিশেষ নিবন্ধ ও ক্রোড়পত্র প্রকাশ	(ক) রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী এর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ; (খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রী এর বাণী প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ; (গ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ ও ক্রোড়পত্র প্রকাশ।	রাষ্ট্রপতির প্রেস সচিব, প্রধানমন্ত্রীর প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।

ক্রমিক	তারিখ ও কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.	১৬-১২-২০২৬ তারিখে জাতীয় পতাকা উত্তোলন	(ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে); (খ) বিদেশে অবস্থানরত বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন এবং মিশনসমূহ, সিটি কর্পোরেশন (সকল) ও ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে পতাকা বিধি অনুযায়ী বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে); বি:দ্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/ টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রংসহ জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের অবগতির জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।	মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিটি কর্পোরেশন (সকল), পৌরসভা (সকল), সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ ভবনের মালিক।
৩.	১৬-১২-২০২৬ তারিখে আলোকসজ্জা	গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/ স্থাপনাসমূহে আলোকসজ্জা।	মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), বেসরকারি ভবনের মালিক/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
৪.	১৬-১২-২০২৬ তারিখে তোপধ্বনি	(ক) সূর্যোদয়ের সাথে সাথে ঢাকায় একত্রিশবার তোপধ্বনি। (খ) সূর্যোদয়ের সাথে সাথে দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি।	মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), অফিসার ইনচার্জ (সকল)।
৫.	১৬-১২-২০২৬ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে পুষ্পস্তবক অর্পণ (আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মোতাবেক ঐ দিন ঢাকার সূর্যোদয়ের প্রকৃত সময় ০৬ টা ৩৩ মিনিট ৫৪ সেকেন্ড বিএসটি)	(ক) রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ; (খ) প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ; (গ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যবৃন্দ, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাগণ কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ; (ঘ) বাংলাদেশে অবস্থিত বিদেশি কূটনীতিকগণ কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ; (ঙ) জেলা ও উপজেলা পর্যায়ে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ।	রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ৯ম পদাতিক ডিভিশন, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল ও সাভার

ক্রমিক	তারিখ ও কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
			পৌরসভা।
৬.	১৬-১২-২০২৬ তারিখে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন।	১৬-১২-২০২৬ তারিখ সকাল ০৯:০০ টায় দেশের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন।	মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭.	১৬-১২-২০২৬ তারিখে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন	জেলা ও উপজেলা পর্যায়ে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন।	মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৮.	১৬-১২-২০২৬ তারিখে বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) এবং শিশুদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন	(ক) দেশের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে ০৩ (তিন) দিনব্যাপী আড়ম্বরপূর্ণ বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) আয়োজন; (খ) জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন (সুবিধাজনক সময়ে)।	মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), শিল্পকলা একাডেমি, বাংলাদেশ শিশু একাডেমি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ইসলামিক ফাউন্ডেশন, জয়িতা ফাউন্ডেশন, এস.এম.ই ফাউন্ডেশন, এনজিও বিষয়ক ব্যুরো।
৯.	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন এবং মিশনসমূহে ১৬-১২-২০২৬ তারিখে জাতীয় পতাকা উত্তোলন এবং আলোচনা সভা আয়োজন	বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন এবং মিশনসমূহে জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা সভা আয়োজন (বিদেশি অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/ স্থানীয় প্রশাসন/ গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশিদের অংশগ্রহণে)	মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশন প্রধান (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১০.	১৬-১২-২০২৬ তারিখে বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ উন্মুক্ত রাখা	চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়ণগঞ্জ) ও বরিশালসহ বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ড একক/ যৌথভাবে এবং চাঁদপুর ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ দুপুর ১২:০০টা হতে ঐদিন বিকাল ৪:০০ টা পর্যন্ত জনসাধারণের	প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ নৌ-বাহিনী, বাংলাদেশ কোস্ট গার্ড।

ক্রমিক	তারিখ ও কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		দর্শনের জন্য উন্মুক্ত রাখা।	
১১.	মহান বিজয় দিবস ২০২৬ উপলক্ষ্যে (সুবিধাজনক সময়ে) খেলাধূলার আয়োজন	জেলা ও উপজেলা পর্যায়ে প্রীতি ফুটবল ম্যাচ/ T-20 ক্রিকেট টুর্নামেন্ট/ কাবাডি/ হা-ডু-ডু ইত্যাদি খেলা আয়োজন।	মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাংলাদেশ ভলিবল ফেডারেশন, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, বাংলাদেশ কাবাডি ফেডারেশন, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১২.	০১-১২-২০২৬ থেকে ৩১-১২-২০২৬ তারিখ পর্যন্ত অনুষ্ঠানমালা প্রচার	বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি টিভি চ্যানেল, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এবং গণযোগাযোগ অধিদপ্তর।
১৩.	১৬-১২-২০২৬ তারিখে চলচ্চিত্র/প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন	ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে ছাত্র-ছাত্রীদের জন্য বিনা টিকিটে মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তন/ উন্মুক্ত স্থানে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনী।	মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৪.	১৬-১২-২০২৬ তারিখে জাদুঘর, প্রত্নতত্ত্ব স্থাপনা ও বিনোদনমূলক স্থানসমূহ উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা	(ক) সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘর ও প্রত্নতত্ত্ব স্থাপনাসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা; (খ) দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করা; (গ) দেশের সকল পর্যটন কেন্দ্রে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।	মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, সিটি কর্পোরেশন (সকল), এনজিও বিষয়ক ব্যুরো, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), বিএনসিসি, বাংলাদেশ স্কাউটস, বাংলাদেশ জাতীয় জাদুঘর, নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, সামরিক জাদুঘর, বাংলাদেশ নৌ-বাহিনী জাদুঘর, বিমান বাহিনী জাদুঘর, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরসহ অন্যান্য জাদুঘর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৫.	১৬-১২-২০২৬ তারিখে	শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত	মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয়

ক্রমিক	তারিখ ও কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	মোনাজাত/ প্রার্থনা	মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে (সুবিধাজনক সময়ে) বিশেষ মোনাজাত/প্রার্থনা।	কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
১৬.	১৬-১২-২০২৬ তারিখে উন্নতমানের খাবার পরিবেশন	দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, সরকারি শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, শিশু উন্নয়ন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন।	মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৭.	১৬-১২-২০২৬ তারিখে বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠান।	বঙ্গভবনে অপরাহ্নে (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠান।	রাষ্ট্রপতির কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
১৮.	১৬-১২-২০২৬ তারিখে সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ	ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণ।	মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
১৯.	১৬-১২-২০২৬ তারিখে স্মারক ডাকটিকিট প্রকাশ	মহান বিজয় দিবস ২০২৬ উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট প্রকাশ।	প্রধানমন্ত্রীর কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক অধিদপ্তর।

৫.০। কর্মসূচি-১: ১৬-১২-২০২৬ তারিখে বাণী, বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ:

৫.১ আলোচনা: ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এঁর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ করা হবে। এছাড়া, এ দিবস উপলক্ষ্যে সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ করা হবে।

৫.২ সিদ্ধান্ত:

৫.২.১ রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী এঁর বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করতে হবে;

৫.২.২ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রী এঁর বাণী প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ করা হবে;

৫.২.৩ সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ ও ক্রোড়পত্র প্রকাশ করতে হবে।

৫.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: রাষ্ট্রপতির প্রেস সচিব, প্রধানমন্ত্রীর প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।

৬.০। **কর্মসূচি-২: ১৬-১২-২০২৬ তারিখে জাতীয় পতাকা উত্তোলন:**

৬.১ **আলোচনা:** সভায় সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে, বিদেশে অবস্থানরত বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন ও মিশন, সিটি কর্পোরেশন (সকল) এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে আলোচনা হয়। জাতীয় পতাকা উত্তোলন এর বিষয়ে সভায় জানানো হয়, জাতীয় পতাকাকে সম্মান জানানো আমাদের সকলের সাংবিধানিক দায়িত্ব। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলনের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পতাকার ব্যবহার, রং, পরিমাপ ইত্যাদি বিষয়ে পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। জাতীয় পতাকা বিধিমালা যথাযথভাবে প্রতিপালনে জনসাধারণকে উদ্বুদ্ধকরণসহ এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। সরকার নির্ধারিত পরিমাপ অনুযায়ী জাতীয় পতাকা তৈরি করে তা উত্তোলনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জানান, জাতীয় কর্মসূচি বাস্তবায়নের জন্য দেশের সকল জেলা প্রশাসককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

৬.২ **সিদ্ধান্ত:**

৬.২.১ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে;

৬.২.২ বিদেশে অবস্থানরত বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন ও মিশনসমূহ, সিটি কর্পোরেশন (সকল) এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে পতাকা বিধি অনুযায়ী বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে;

৬.২.৩ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বিটিভি, বেতার ও বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

৬.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিটি কর্পোরেশন (সকল), পৌরসভা (সকল), সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ ভবনের মালিক।

৭.০। **কর্মসূচি-৩: ১৬-১২-২০২৬ তারিখে আলোকসজ্জা:**

৭.১ **আলোচনা:** ১৬-১২-২০২৬ তারিখে গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/ স্থাপনাসমূহে আলোকসজ্জা করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি এ বিষয়ে ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক, দেশের সকল সিটি কর্পোরেশন এবং পৌরসভার সম্মানিত প্রশাসকগণকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানানো হয়।

৭.২ **সিদ্ধান্ত:** গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করতে হবে।

৭.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি

কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), বেসরকারি ভবনের মালিক/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

৮.০। কর্মসূচি-৪: ১৬-১২-২০২৬ তারিখে তোপধ্বনি:

৮.১ আলোচনা: ঢাকায় এবং দেশের সকল জেলা ও উপজেলায় প্রত্যুষে (সূর্যোদয়ের সাথে সাথে) একত্রিশবার তোপধ্বনির বিষয়ে সভায় উপস্থিত প্রতিনিধিগণ জানান, যথাযোগ্য মর্যাদায় তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সভায় দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে যথাসময়ে তোপধ্বনি কর্মসূচি বাস্তবায়নে জেলা ও উপজেলা প্রশাসনকে সহায়তা প্রদানের জন্য পুলিশ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি বলেন, মহান বিজয় দিবসের প্রত্যুষে (সূর্যোদয়ের সাথে সাথে) রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী জাতির পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। উক্ত সময়ের পূর্বে দেশের অন্য কোনো স্থানে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান অথবা তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে না। তিনি স্থানীয় সময় অনুযায়ী তোপধ্বনির কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে আলোচনায় অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় অবহিত করেন, আবহাওয়া অধিদপ্তরের পত্র অনুযায়ী ১৬ ডিসেম্বর সূর্যোদয়ের সময় ভোর ০৬ টা ৩৩ মিনিট ৫৪ সেকেন্ড।

৮.২ সিদ্ধান্ত:

৮.২.১ সূর্যোদয়ের সাথে সাথে ঢাকায় একত্রিশবার তোপধ্বনি করতে হবে;

৮.২.২ সূর্যোদয়ের সাথে সাথে জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি করতে হবে।

৮.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), অফিসার ইনচার্জ (সকল)।

৯.০। কর্মসূচি-৫: ১৬-১২-২০২৬ তারিখে পুষ্পস্তবক অর্পণ:

৯.১ আলোচনা: সভায় জাতীয় স্মৃতিসৌধ, সাভারে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণসহ জেলা/ উপজেলায় পুষ্পস্তবক অর্পণ এর বিষয়ে আলোচনা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় বিদেশি কূটনীতিকগণের পুষ্পস্তবক অর্পণের সময় শৃঙ্খলা নিশ্চিত করার আহবান জানান। সভাপতি, বিদেশি কূটনীতিক এবং শহিদ পরিবারসহ সকলের নিরাপত্তা ও শৃঙ্খলা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। পুষ্পস্তবক অর্পণের ক্ষেত্রে তিনি ওয়ারেন্ট অফ প্রিসিডেন্স অনুসরণ এবং এ মন্ত্রণালয় থেকে প্রেরিত 'লাইন-আপ' অনুসরণ করার নির্দেশনা প্রদান করেন। তিনি ৯ম পদাতিক ডিভিশনকে এ বিষয়ে বিশেষ কার্যক্রম গ্রহণের আহ্বান জানান। সভায় আরও জানানো হয় যে, পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের আমন্ত্রণপত্রে প্রধানমন্ত্রীর আগমনের কমপক্ষে ৩০ মিনিট আগে অনুষ্ঠানস্থলে প্রবেশের সুস্পষ্ট নির্দেশনা থাকলেও অনেক অতিথি অনুষ্ঠান শুরুর পূর্বক্ষণে স্মৃতিসৌধে প্রবেশ করেন। এছাড়া ভিভিআইপি ও ভিআইপিগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ শেষ হলে ০৮:৩০ টার দিকে জনসাধারণের জন্য স্মৃতিসৌধ উন্মুক্ত করে দেওয়া যেতে পারে। এর পূর্বে স্মৃতিসৌধ উন্মুক্ত করা হলে নিরাপত্তা ব্যবস্থা বিঘ্ন হওয়ার সম্ভাবনা থাকে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। সভায় উপস্থিত পুলিশ সুপার, ঢাকা বলেন, অনুষ্ঠানস্থলের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়েন করা হবে। এছাড়া, ভিভিআইপি/ ভিআইপিগণ অনুষ্ঠানস্থল ত্যাগ করার পরও স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রমসমূহ যাতে নিরাপত্তাবলয়ের মধ্যে থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। পুলিশ হেডকোয়ার্টার্স এর প্রতিনিধি জানান, দিবসটি শান্তিপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে সারাদেশে নিরাপত্তা নিশ্চিত করার জন্য সকল পুলিশ সুপারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। সভায় জাতীয় স্মৃতিসৌধের সম্মুখে ও রাস্তার দু'পাশে সকল অবৈধ ছাপড়া দোকান উচ্ছেদের যথাযথ ব্যবস্থা গ্রহণসহ সাভার জাতীয় স্মৃতিসৌধে ভিভিআইপিগণের পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সাভারগামী দু'টি রাস্তা (ঢাকা-আরিচা ও ঢাকা-আশুলিয়া-সাভার) সংস্কার ও মেরামত এবং সড়ক দ্বীপ/ডিভাইডার রং করার বিষয়ে পূর্ব হতেই যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া, রাস্তার উভয় পাশের ঝোপ-জঙ্গল, আবর্জনা, পরিষ্কার করার জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও প্রশাসক, সাভার পৌরসভার সহযোগিতা কামনা করা হয়। সভায় সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত সড়কে কোনো প্রকার ফেস্টুন, পোস্টার, ব্যানার, ওভারহেড তোরণ নির্মাণ না করার ওপর গুরুত্ব আরোপ করা হয়। এ কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সভায় অবহিত করা হয়।

৯.২ **সিদ্ধান্ত:**

৯.২.১ রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ করা হবে;

৯.২.২ প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ করা হবে;

৯.২.৩ জাতীয় স্মৃতিসৌধ, সাভারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ করা হবে;

৯.২.৪ বাংলাদেশে অবস্থিত বিদেশী কূটনীতিকগণ কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ করা হবে;

৯.২.৫ জেলা ও উপজেলা পর্যায়ে স্মৃতিসৌধে/ শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করতে হবে;

৯.২.৬ সাভার জাতীয় স্মৃতিসৌধে ভিভিআইপিগণের পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সাভারগামী দু'টি রাস্তা (ঢাকা-আরিচা ও ঢাকা-আশুলিয়া-সাভার) সংস্কার ও মেরামত, ঝোপ-জঙ্গল ও আবর্জনা পরিষ্কার এবং সড়ক দ্বীপ/ডিভাইডার রং করতে হবে;

৯.২.৭ সাভার জাতীয় স্মৃতিসৌধের সম্মুখে ও রাস্তার দু'পাশে সকল অবৈধ ছাপড়া দোকান উচ্ছেদের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৯.২.৮ ঢাকা হতে সাভার স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তার পাশে পোস্টার, ফেস্টুন, ব্যানার ও ওভারহেড তোরণ নির্মাণ করা যাবে না;

৯.২.৯ সাভার জাতীয় স্মৃতিসৌধের প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান রেখে নির্ধারিত সময়ের পূর্বেই সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে;

৯.২.১০ মহান বিজয় দিবসে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত জাতীয় স্মৃতিসৌধে দর্শনার্থীদের সমাগম হয় বিধায় দর্শনার্থীদের সুবিধা বিবেচনায় সাভার উপজেলা পরিষদ ও পৌরসভা প্রয়োজনীয় সংখ্যক মোবাইল টয়লেটের ব্যবস্থা করবে;

৯.২.১১ সাভার জাতীয় স্মৃতিসৌধে গৃহীত জাতীয় কর্মসূচিসহ উক্ত দিবসে পুষ্পস্তবক প্রদানের জন্য আগত জনসাধারণের নিরাপত্তা এবং সারাদেশে নিরাপত্তা নিশ্চিত করতে হবে;

৯.২.১২ প্রয়োজনীয় সংখ্যক এ্যাম্বুলেন্স ও চিকিৎসকের ব্যবস্থা করতে হবে;

৯.২.১৩ ভিভিআইপি ও ভিআইপিগণকে অভ্যর্থনা জানানোর স্থানটিতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে;

৯.২.১৪ ভিভিআইপি ও ভিআইপিগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ সমাপ্ত হওয়ার পর ০৮:৩০ টায় জনসাধারণের জন্য স্মৃতিসৌধ উন্মুক্ত করতে হবে;

৯.২.১৫ পুষ্পস্তবক অর্পণ শেষে ভিভিআইপি এবং ভিআইপিগণ স্মৃতিসৌধ ত্যাগ করার সময় নিরাপত্তাজনিত কারণে ০৮:৩০ টা পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়কে যান চলাচল সীমিত রাখতে হবে;

৯.২.১৬ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য জাতীয় পর্যায়ে যে সকল কর্মসূচি গ্রহণ করা হয়েছে সে সকল কর্মসূচি বাংলাদেশ বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার করতে হবে।

৯.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ৯ম পদাতিক ডিভিশন, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল ও সাভার পৌরসভা।

১০.০। কর্মসূচি-৬: ১৬-১২-২০২৬ তারিখে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন:

১০.১ **আলোচনা:** সভায় ১৬-১২-২০২৬ তারিখ সকাল ৯:০০ টায় দেশের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শনের উপর বিস্তারিত আলোচনা হয়। এ অনুষ্ঠান স্টেডিয়াম/ সুবিধাজনক স্থানে আয়োজন করা যেতে পারে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, উক্ত মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। তাই শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের পাশাপাশি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অন্তর্ভুক্ত করার জন্য তিনি অনুরোধ জানান।

১০.২ **সিদ্ধান্ত:**

১০.২.১: ১৬-১২-২০২৬ তারিখ সকাল ৯:০০ টায় দেশের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন করতে হবে।

১০.২.২: সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে এ অনুষ্ঠান স্টেডিয়াম/ সুবিধাজনক স্থানে আয়োজন করতে হবে।

১০.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১১.০। কর্মসূচি-৭: ১৬-১২-২০২৬ তারিখে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন:

১১.১ আলোচনা: ১৬-১২-২০২৬ তারিখে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ অনুষ্ঠান জেলা ও উপজেলা পর্যায়ে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন।

১১.২ সিদ্ধান্ত: জেলা ও উপজেলা পর্যায়ে বীর মুক্তিযোদ্ধা, শহিদ পবিবার ও যোদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১১.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১২.০। কর্মসূচি-৮: ১৬-১২-২০২৬ তারিখে বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) এবং শিশুদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন:

১২.১ আলোচনা: সভায় ০১-১২-২০২৬ হতে ১৬-০৩-২০২৬ তারিখ পর্যন্ত সুবিধাজনক সময়ে শিশুদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, দিবসটি উদযাপন উপলক্ষ্যে উক্ত মন্ত্রণালয় থেকে জাতীয় কর্মসূচির পাশাপাশি বিশেষ কিছু কর্মসূচি গ্রহণ করা হবে।

১২.২ **সিদ্ধান্ত:**

১২.২.১ দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে ০৩ (তিন) দিনব্যাপী আড়ম্বরপূর্ণ বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) আয়োজন করতে হবে।

১২.২.২ দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে (সুবিধাজনক সময়ে) ।

১২.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল),

উপজেলা নির্বাহী অফিসার (সকল), শিল্পকলা একাডেমি, বাংলাদেশ শিশু একাডেমি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ইসলামিক ফাউন্ডেশন, জয়িতা ফাউন্ডেশন, এস.এম.ই ফাউন্ডেশন, এনজিও বিষয়ক ব্যুরো।

১৩.০। কর্মসূচি-৯: বিদেশে অবস্থিত বাংলাদেশ বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন এবং মিশনসমূহে ১৬-১২-২০২৬ তারিখে জাতীয় পতাকা উত্তোলন এবং আলোচনা সভা আয়োজন:

১৩.১ আলোচনা: বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন এবং মিশনসমূহে ১৬-১২-২০২৬ তারিখে জাতীয় পাতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনা অনুষ্ঠান সুবিধাজনক সময়ে বিদেশী অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/ স্থানীয় প্রশাসন/গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে আয়োজন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।

১৩.২ সিদ্ধান্ত: বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জাতীয় পাতাকা উত্তোলন, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান (সুবিধাজনক সময়ে) আয়োজন (বিদেশী অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/ গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে) করতে হবে।

১৩.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশন প্রধান (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

১৪.০। কর্মসূচি-১০: ১৬-১২-২০২৬ তারিখে বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ উন্মুক্ত রাখা:

১৪.১ আলোচনা: বিগত সময়ের ন্যায় চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ জনগণের প্রদর্শনের জন্য উন্মুক্ত রাখার বিষয়ে আলোচনা হয়। দুপুর ১২:০০টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত জাহাজসমূহ জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

১৪.২ সিদ্ধান্ত: চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ দুপুর ১২ টা হতে ঐদিন বিকাল ৪ টা পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখতে হবে।

১৭.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ নৌ-বাহিনী, বাংলাদেশ কোস্ট গার্ড।

১৫.০। কর্মসূচি-১১: মহান বিজয় দিবস ২০২৬ উপলক্ষ্যে খেলাধূলার আয়োজন:

১৫.১ আলোচনা: সভায় জেলা এবং উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে (সুবিধাজনক সময়ে) ক্রীড়া অনুষ্ঠান (প্রীতি ফুটবল ম্যাচ/ T-20 ক্রিকেট টুর্নামেন্ট/ কাবাডি/ হা-ডু-ডু ইত্যাদি খেলা) আয়োজনের বিষয়ে আলোচনা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, দিবসটি উদযাপন উপলক্ষ্যে উক্ত মন্ত্রণালয় থেকে জাতীয় কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

১৫.২ সিদ্ধান্ত: জেলা এবং উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রাসা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে (সুবিধাজনক সময়ে) ক্রীড়া অনুষ্ঠান (প্রীতি ফুটবল ম্যাচ/ T-20 ক্রিকেট টুর্নামেন্ট/ কাবাডি/ হা-ডু-ডু ইত্যাদি খেলা) আয়োজন করতে হবে।

১৫.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাংলাদেশ ভলিবল ফেডারেশন, বাংলাদেশ ক্রিকেট

বোর্ড, বাংলাদেশ কাবাডি ফেডারেশন, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৬.০। কর্মসূচি-১২: ০১-১২-২০২৬ থেকে ৩১-১২-২০২৬ তারিখ পর্যন্ত অনুষ্ঠানমালা প্রচার:

১৬.১ আলোচনা: বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচারের বিষয়ে আলোচনা হয়। অনুষ্ঠানমালা প্রচারের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিশেষ সতর্কতা অবলম্বন করবে।

১৬.২ সিদ্ধান্ত: ১৬.২.১ বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার করতে হবে;

১৬.২.২ মহান বিজয় দিবসের অনুষ্ঠানমালা প্রচারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিশেষ সতর্কতা অবলম্বন করবে।

১৬.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এবং গণযোগাযোগ অধিদপ্তর।

১৭.০। কর্মসূচি-১৩: ১৬-১২-২০২৬ তারিখে চলচ্চিত্র/ প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন:

১৭.১ আলোচনা: সভায় মুক্তিযুদ্ধভিত্তিক বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক চলচ্চিত্র নির্বাচন এবং প্রামাণ্য চিত্র প্রদর্শনীর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এ ধরণের প্রদর্শনীর ফলে মুক্তিযুদ্ধের চেতনা সর্বসাধারণের নিকট সফল ও ব্যাপকভাবে পৌঁছানো যাবে বলে মতামত প্রকাশ করা হয়। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

১৭.২ সিদ্ধান্ত: ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তন বা উন্মুক্ত স্থানে বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সতর্কতার সাথে বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক চলচ্চিত্র ও প্রামান্য চিত্র নির্বাচন করবে।

১৭.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৮.০। কর্মসূচি-১৪: ১৬-১২-২০২৬ তারিখে জাদুঘর, প্রত্নতত্ত্ব স্থাপনাসমূহ ও বিনোদনমূলক স্থান উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা এবং পর্যটন কেন্দ্রে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে:

১৮.১ আলোচনা: সভায় সরকারি ও বেসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘর, প্রত্নতত্ত্ব স্থাপনাসমূহ এবং সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থানসমূহ শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা, বিনা টিকিটে প্রদর্শন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

১৮.২ সিদ্ধান্ত: ১৮.২.১ সরকারি ও বেসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘর ও প্রত্নতত্ত্ব স্থাপনাসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখতে হবে;

১৮.২.২ দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থানসমূহ শিশুদের জন্য সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে;

১৮.২.৩ দেশের সকল পর্যটন কেন্দ্রে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

১৮.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, সিটি কর্পোরেশন (সকল), এনজিও বিষয়ক ব্যুরো, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), বিএনসিসি, বাংলাদেশ স্কাউটস, বাংলাদেশ জাতীয় জাদুঘর, নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, সামরিক জাদুঘর, বাংলাদেশ নৌ-বাহিনী জাদুঘর,

বিমান বাহিনী জাদুঘর, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরসহ অন্যান্য জাদুঘর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৯.০। কর্মসূচি-১৫: ১৬-১২-২০২৬ তারিখে মোনাজাত/প্রার্থনা:

১৯.১ আলোচনা: সভায় শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/ প্রার্থনা করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

১৯.২ সিদ্ধান্ত: শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে মোনাজাত/ প্রার্থনার আয়োজন করতে হবে।

১৯.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

২০.০। কর্মসূচি-১৬: ১৬-১২-২০২৬ তারিখে উন্নতমানের খাবার পরিবেশন:

২০.১ আলোচনা: মহান বিজয় দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি অনুযায়ী দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, সরকারি শিশু পরিবার, শিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশনের বিষয়ে আলোচনা হয়।

২০.২ সিদ্ধান্ত:

২০.২.১ মহান বিজয় দিবস উপলক্ষ্যে দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, সরকারি শিশু পরিবার, শিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে প্রীতিভোজের আয়োজন করতে হবে;

২০.২.২ অর্থ মন্ত্রণালয় থেকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে বরাদ্দ প্রদান করা হবে।

২০.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২১.০। কর্মসূচি-১৭: ১৬-১২-২০২৬ তারিখে বঙ্গভবনে বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠান:

২১.১ আলোচনা: রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে বঙ্গভবনে বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে রাষ্ট্রপতির কার্যালয়ের প্রতিনিধি জানান, প্রতিবারের ন্যায় সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

২১.২ সিদ্ধান্ত: ১৬-১২-২০২৬ তারিখে বঙ্গভবনে বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করা হবে।

২১.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: রাষ্ট্রপতির কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

২২.০। কর্মসূচি-১৮: ১৬-১২-২০২৬ তারিখে সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ:

২২.১ আলোচনা: ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিত করার বিষয়ে আলোচনা হয়।

২২.২ সিদ্ধান্ত: ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিত করতে হবে।

২২.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

২৩.০। কর্মসূচি-১৯: ১৬-১২-২০২৬ তারিখে স্মারক ডাকটিকিট প্রকাশ:

২৩.১ আলোচনাঃ 'মহান বিজয় দিবস ২০২৬' উপলক্ষ্যে ডাকটিকেট প্রকাশের বিষয়ে আলোচনা হয়।

২৩.২ সিদ্ধান্তঃ 'মহান বিজয় দিবস ২০২৬' উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট প্রকাশ করতে হবে।

২৩.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: প্রধানমন্ত্রীর কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক অধিদপ্তর।

২৪.০। উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কের ভূমিকা পালন করবে।

২৫.০। আগামী ১৬ ডিসেম্বর মহান দিবসের জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ৩টি কমিটি এবং ২টি উপকমিটি গঠন করা হয়:

(ক) ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে স্টিয়ারিং কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১।	সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	আহ্বায়ক
২।	মন্ত্রিপরিষদ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
৩।	স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
৪।	জনপ্রশাসন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
৫।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
৬।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
৭।	নৌ-পরিবহন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
৮।	প্রতিরক্ষা মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
৯।	অর্থ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১০।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১১।	প্রধানমন্ত্রীর কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১২।	স্থানীয় সরকার বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১৩।	বিদ্যুৎ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১৪।	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১৫।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১৬।	স্বাস্থ্য সেবা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১৭।	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১৮।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
১৯।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
২০।	রাষ্ট্রপতির কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
২১।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
২২।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
২৩।	পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
২৪।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
২৫।	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
২৬।	সমাজকল্যাণ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়)	সদস্য
২৭।	প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর	সদস্য
২৮।	প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর	সদস্য
২৯।	বিভাগীয় কমিশনার, ঢাকা	সদস্য

৩০।	মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর	সদস্য
৩১।	মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল	সদস্য
৩২।	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট	সদস্য
৩৩।	মহাপরিচালক, জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর	সদস্য
৩৪।	আহ্বায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল	সদস্য
৩৫।	সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৩৬।	মহাপুলিশ পরিদর্শক এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৩৭।	সেনা, নৌ ও বিমান বাহিনীর একজন করে উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৩৮।	প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৩৯।	জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৪০।	বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৪১।	বাংলাদেশ কোস্টগার্ড এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৪২।	পুলিশ কমিশনার, ডিএমপি এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৪৩।	জেলা প্রশাসক, ঢাকা	সদস্য
৪৪।	পুলিশ সুপার, ঢাকা	সদস্য
৪৫।	যুগ্মসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) কমিটি মহান বিজয় দিবসের কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক তদারকি, প্রয়োজনীয় সমন্বয় এবং বাস্তবায়নের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করবে।

(খ) স্টিয়ারিং কমিটি অন্যান্য কমিটির সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/পরামর্শ প্রদান করবে।

(গ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

খ) ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে বাস্তবায়ন কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.	অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	আহ্বায়ক
২.	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন, কল্যাণ ও ভাতা, আইন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল	সদস্য
৪.	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট	সদস্য
৫.	৯ম পদাতিক ডিভিশনের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৬.	যুগ্মসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৭.	রাষ্ট্রপতির কার্যালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৮.	প্রধানমন্ত্রীর কার্যালয় -এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৯.	মন্ত্রিপরিষদ বিভাগ - এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১০.	অর্থ বিভাগ - এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১১.	স্বরাষ্ট্র মন্ত্রণালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১২.	পররাষ্ট্র মন্ত্রণালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৩.	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৪.	প্রতিরক্ষা মন্ত্রণালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৫.	তথ্য অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৬.	গণযোগাযোগ অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৭.	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য

১৮.	গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৯.	মহাপুলিশ পরিদর্শক এর একজন উপযুক্ত প্রতিনিধি (বিশেষ শাখা)	সদস্য
২০.	উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ	সদস্য
২১.	বিভাগীয় কমিশনার, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
২২.	উপসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
২৩.	জেলা প্রশাসক, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
২৪.	পুলিশ সুপার, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
২৫.	উপজেলা নির্বাহী অফিসার, সাভার	সদস্য
২৬.	যুগ্মসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

(খ) গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে কমিটি প্রয়োজনীয় সংখ্যক উপকমিটি গঠনপূর্বক কার্যক্রম সম্পন্ন করবে;

(গ) দিবসের গৃহীত কর্মসূচি বাস্তবায়ন ও প্রস্তুতির অগ্রগতি স্টিয়ারিং কমিটির আহ্বায়ককে অবহিত করবে;

(ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(গ) 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.	জিওসি ৯ পদাতিক ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, সাভার, ঢাকা	আহ্বায়ক
২.	রাষ্ট্রপতির কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৩.	প্রধানমন্ত্রীর কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৪.	মন্ত্রিপরিষদ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৫.	স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৬.	পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৭.	প্রতিরক্ষা মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
৮.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৯.	সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১০.	বাংলাদেশ সেনা বাহিনী এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১১.	বাংলাদেশ নৌ-বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১২.	বাংলাদেশ বিমান বাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৩.	রেক্টর, বিপিএটিসি এর একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
১৪.	মহাপুলিশ পরিদর্শক এর একজন উপযুক্ত প্রতিনিধি (বিশেষ শাখা)	সদস্য
১৫.	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা জোন	সদস্য
১৬.	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর, ঢাকা জোন	সদস্য
১৭.	উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ	সদস্য
১৮.	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা	সদস্য
১৯.	জেলা প্রশাসক, ঢাকা	সদস্য
২০.	প্রশাসক, সাভার পৌরসভা, ঢাকা	সদস্য

২১.	পুলিশ সুপার, ঢাকা	সদস্য
২২.	প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, গণপূর্ত অধিদপ্তর	সদস্য
২৩.	উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা	সদস্য
২৪.	উপমহাপরিচালক, আনসার ও ভিডিপি, ঢাকা রেঞ্জ, ঢাকা	সদস্য
২৫.	কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের সার্বিক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এর বাণী প্রণয়ন এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, দিবসের তাৎপর্যের উপর আলোচনা এবং সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.	অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	আহ্বায়ক
২.	রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৩.	প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৪.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৫.	পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৬.	সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন প্রতিনিধি	সদস্য
৭.	তথ্য অধিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
৮.	তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৯.	গণযোগাযোগ অধিদপ্তরের একজন প্রতিনিধি	সদস্য
১০.	বাংলাদেশ টেলিভিশনের একজন প্রতিনিধি	সদস্য
১১.	বাংলাদেশ বেতারের একজন প্রতিনিধি	সদস্য
১২.	কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি	সদস্য-সচিব

উপকমিটির কার্যপরিধি:

(ক) 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী প্রণয়ন এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ;

(গ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ;

(ঘ) বাংলাদেশের জাতীয় পতাকার সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলনের বিধিবিধান জনসাধারণের জ্ঞাতার্থে বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(ঙ) 'মহান বিজয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতির জন্য ১৩ থেকে ১৫ ডিসেম্বর ২০২৬ জাতীয় স্মৃতিসৌধ বন্ধ রাখার বিষয়টি জনগণকে অবহিতকরণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(চ) কোন অতিরিক্ত সচিবকে আহ্বায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হবে তা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় নির্ধারণ করবে;

(ছ) উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

বি:দ্র: সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় তাঁর মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে উক্ত উপকমিটির আহ্বায়কের দায়িত্ব অর্পণ করবেন।

(৬) জাতীয় কর্মসূচি বাস্তবায়নে নিরাপত্তা, ট্রাফিক ও পুলিশ ব্যবস্থাপনা সংক্রান্ত উপকমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.	অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (ক্রাইম এন্ড অপস), বাংলাদেশ পুলিশ	আহ্বায়ক
২.	পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।	সদস্য
৩.	সশস্ত্র বাহিনী বিভাগের একজন প্রতিনিধি	সদস্য
৪.	ডিআইজি, (ঢাকা রেঞ্জ) এর একজন প্রতিনিধি	সদস্য
৫.	পুলিশ (স্পেশাল ব্রাঞ্চ) এর একজন প্রতিনিধি	সদস্য
৬.	জেলা প্রশাসক, ঢাকা এর একজন প্রতিনিধি	সদস্য
৭.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৮.	পুলিশ সুপার, ঢাকা	সদস্য
৯.	উপপুলিশ কমিশনার (পশ্চিম), ডিএমপি, ঢাকা	সদস্য
১০.	জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ঢাকা	সদস্য
১১.	স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি), ঢাকা এর একজন প্রতিনিধি	সদস্য
১২.	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা এর একজন প্রতিনিধি	সদস্য
১৩.	ডিজিএফআই এর একজন প্রতিনিধি	সদস্য
১৪.	এনএসআই এর একজন প্রতিনিধি	সদস্য
১৫.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন প্রতিনিধি	সদস্য
১৬.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন প্রতিনিধি	সদস্য
১৭.	স্বাস্থ্য অধিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
১৮.	গণপূর্ত অধিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
১৯.	সড়ক ও জনপদ অধিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
২০.	অধিনায়ক, আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস	সদস্য
২১.	অধিনায়ক, ৯ এমপি ইউনিট, সাভার সেনানিবাস	সদস্য
২২.	প্রশাসক, সাভার পৌরসভা, ঢাকা	সদস্য
২৩.	কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি	সদস্য-সচিব

উপ-কমিটির কার্যপরিধি:

(ক) জাতীয় কর্মসূচি বাস্তবায়নে সার্বিক নিরাপত্তা, সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা ও পুলিশের কর্মবন্টনের যাবতীয় কার্যক্রম গ্রহণ, তদারকি ও সমন্বয়।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২৬.০। সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে এবং ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস ২০২৬' এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আহমেদ আযম খান, এমপি
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।